# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫০৮

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৩২. বদনজর

بَاب الْعَيْنُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو هِشَامٍ الْمَخْزُومِيُّ، حَدَّثَنَا وُهَيْبٌ، عَنْ أَبِي وَاقِدٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " اسْتَعِيذُوا بِاللَّهِ فَإِنَّ الْعَيْنَ حَقٌّ " .

বাংলা

৩/৩৫০৮। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করো। কেননা বদনজর সত্য বা বাস্তব ব্যাপার।

## English

It was narrated from ‘Aishah that the Messenger of Allah (ﷺ) said: ‘Seek refuge with Allah, for the evil eye is real.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৭৩৭। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু ওয়াকীদ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তার হাদিস নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী ও আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য ছিলেন না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮৩৫, ১৩/৮৪ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবু ওয়াকীদ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৭৬ টি শাহিদ হাদিস রয়েছে, ৭ টি জাল, ১৭ টি খুবই দুর্বল, ২৪ টি দুর্বল, ১০ টি হাসান, ১৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২০৫৯, ২০৬২, মুয়াত্তা মালিক ১৭৪৮, আহমাদ ২৩৯২০, ২৬৯২৩, মু'জামুল আওসাত ৪২৯৫,

৫৯৪৫, শারহুস সুন্নাহ ৩২৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন